

২০১১

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[ মান—৫০ ]

১। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে উইল চুরির ঘটনা কীভাবে উপন্যাসের নিয়ামক হয়ে উঠেছে তা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১৮

অথবা

“ 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে রোহিনীর পরিণাম স্বভাবসঙ্গত হলেও আর্টসঙ্গত হয়নি। ”—আলোচনা করো।

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

২। শরৎচন্দ্রের 'গৃহদাহ' উপন্যাসে 'গৃহ' এবং 'দাহ' যা কিছু সবই অচলার।—মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৬

অথবা

মহিমের ঔদাসীন্য 'গৃহদাহ' উপন্যাসের সংকটকে তীব্রতর করেছে—আলোচনা করো।

(Turn Over)

৩/১৩/১১

2

৩। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে প্রকৃতির ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

অথবা

আঞ্চলিক বা গোষ্ঠীকেন্দ্রিক উপন্যাস নয়, 'পদ্মানদীর মাঝি' মূলত ব্যক্তিকেন্দ্রিক উপন্যাস।—মন্তব্যটির সারবত্তা বিচার করো।

৪। 'সাগর সঙ্গম' গল্পে ধর্মীয় সংকীর্ণতাকে অতিক্রম করে মনুষ্যত্ব ও হৃদয়বস্তুর শ্রেষ্ঠত্বই প্রতিপাদিত হয়েছে।—আলোচনা করো। ১৬

অথবা

'হয়তো' গল্পের মনস্তাত্ত্বিক জটিলতা ব্যাখ্যা করো।

দ্বিতীয়ার্ধ

[ মান—৫০ ]

৪। 'সীতার বনবাস'-এর নির্ভরে বিদ্যাসাগরের ভাষাশৈলীর বৈশিষ্ট্য নিরূপণ করো। ১৮

অথবা

সীতা চরিত্র সৃষ্টিতে বিদ্যাসাগরের মৌলিকত্ব নির্ণয় করো।

৬। 'কমলাকান্তের দপ্তর' অবলম্বনে কমলাকান্তের স্বাদেশিকতার পরিচয় দাও। ১৬

অথবা

'কমলাকান্তের দপ্তর' কোন শ্রেণির রচনা তা বিশ্লেষণ করে দেখাও।

৬। অন্নদাশঙ্করের 'সংস্কৃতির সংকট' প্রবন্ধটির ভাববস্তু বিশ্লেষণ করো। ১৬

অথবা

পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে অন্নদাশঙ্করের গদ্য শৈলীর পরিচয় দাও।